



পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)

www.pksf-bd.org

ব্যংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ও দপ্তর /সংস্থার ইনোভেশন টিমে পিকেএসএফ এর সদস্যদের অংশগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:

সভাপতি: ড. একেএম নুরুজ্জামান

সভার তারিখ: ৩১ জানুয়ারি, ২০১৯

সময়: সকাল ০৯.৩০ ঘটিকা


সভার স্থান: কক্ষ নম্বর-৫৫১, পিকেএসএফ ভবন, ঢাকা-১২০৭

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা: পরিশিষ্ট-“ক”

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। শুরুতেই বিগত সভার কার্যবিবরণী নিয়ে আলোচনা করা হয় এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়। বিগত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ এবং পরিকল্পনা মোতাবেক কার্যক্রম সঠিক সময়ে বাস্তবায়িত হওয়ায় সন্তোষ প্রকাশ করা হয়। বিগত ৩০ জানুয়ারি, ২০১৯ তারিখে আর্থিক প্রতিষ্ঠান বিভাগে অনুষ্ঠিত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের আলোকে উদ্ভাবনী সংশ্লিষ্ট সকল অগ্রগতি ও কর্মপরিকল্পনা নিয়ে সভায় আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনাতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

ক্রম.	আলোচ্য বিষয়	আলোচনা/সিদ্ধান্ত
১.	আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক আয়োজিত উদ্ভাবনী অগ্রগতি বিষয়ক আলোচনা ও অর্ধ-বার্ষিকী মূল্যায়ন রিপোর্ট প্রেরণ।	আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (এফআইডি) কর্তৃক আয়োজিত উদ্ভাবনী অগ্রগতি বিষয়ক আলোচনা এবং সভার গৃহীত সিদ্ধান্ত অনুসারে অদ্য ৩১/০১/২০১৯ তারিখের মধ্যে সচিবালয়ে 'অর্ধ-বার্ষিকী মূল্যায়ন রিপোর্ট ২০১৮-১৯' প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় এফআইডি বরাবর প্রেরণের জন্য খসড়া অর্ধ-বার্ষিকী মূল্যায়ন রিপোর্ট উপস্থাপন করা হয়। সভায় বিগত ২৭/০১/২০১৯ তারিখে পিকেএসএফ হতে 'বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন কাঠামো, ২০১৮-২০১৯' আর্থিক প্রতিষ্ঠান বিভাগে প্রেরণ করার বিষয়ে অবহিত করা হয়।
২.	কর্মকর্তাদের জন্য উদ্ভাবনী বিষয়ক ৫ দিনের প্রশিক্ষণ বিষয়ক আলোচনা।	পিকেএসএফ-এ উদ্ভাবনী বিষয়ক ৫ দিনের প্রশিক্ষণ প্রদানের জন্য একটি খসড়া তালিকা প্রস্তুত করা হয়েছে হলে সভাকে অবহিত করা হয়। উক্ত প্রশিক্ষণ এফআইডি-র মাধ্যমে করার জন্য অনুরোধ জানিয়ে, এফআইডি-কে অনুলিপি দিয়ে এটুআই-বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।
৩.	মেন্টরিং প্রশিক্ষণ	দুই দিনের মেন্টরিং প্রশিক্ষণের জন্য একটি প্রস্তাব উপস্থাপিত হলে, তা সকলের সম্মতিতে সভাপতি অনুমোদন করেন।
৪.	বিদেশে শিক্ষা সফর প্রসঙ্গে	এফআইডি হতে বিগত সভায় তাদের আওতাধীন সকল প্রতিষ্ঠান একসাথে শিক্ষা সফরের দিক নির্দেশনা প্রদান করেন এবং এ প্রসঙ্গে হংকং ইউনিভার্সিটির সাথে আলোচনা চলছে বলেও সভাকে অবহিত করা হয়। সভায় এফআইডি-র পরবর্তী সিদ্ধান্তের জন্য অপেক্ষা করার সুপারিশ করা হয়।
৫.	উদ্ভাবনী উদ্যোগ ২০১৮-১৯ শীর্ষক পুস্তিকা প্রকাশের নিমিত্ত তথ্য প্রেরণ	বিগত ১৭/০১/২০১৯ তারিখে 'উদ্ভাবনী উদ্যোগ ২০১৮-১৯' শীর্ষক পুস্তিকা প্রকাশের জন্য আর্থিক প্রতিষ্ঠান বিভাগে তথ্য প্রেরণ করা হয়েছে বলে সভায় অবহিত করা হলে সভাপতি সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান।
৬.	অন্যান্য	শোকেসিং-এর জন্য সময় নির্ধারণী নিয়ে এফআইডি-র সাথে আলোচনা করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ এবং গৃহীত সিদ্ধান্তসমূহ নির্ধারিত সময়সীমার মধ্যে সম্পন্ন করার বিষয়ে সদস্যগণকে অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


(ড. একে.এম নুরুজ্জামান)
মহাব্যবস্থাপক (কার্যক্রম) ও
ইনোভেশন অফিসার